

আমাদের ভয় কাহারে ।
 বুড়ো বুড়ো চোর ডাকাতে কী আমাদের করতে পারে ।
 আমাদের রাস্তা সোজা, নাইকো গলি— নাইকো ঝুলি, নাইকো থলি—
 ওরা আর যা কাড়ে কাড়ুক, মোদের পাগলামি কেউ কাড়বে না রে ॥
 আমরা চাই নে আরাম, চাই নে বিরাম,
 চাই নে যে ফল, চাই নে রে নাম—
 মোরা ওঠায় পড়ায় সমান নাচি,
 সমান খেলি জিতে হারে ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail